# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৫. অযুতে ‘বিসমিল্লাহ’ বলা

بَاب التَّسْمِيَةِ فِي الْوُضُوءِ

## আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَبُو عَامِرٍ الْعَقَدِيُّ حَدَّثَنَا كَثِيرُ بْنُ زَيْدٍ حَدَّثَنِي رُبَيْحُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي سَعِيدٍ الْخُدْرِيُّ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا وُضُوءَ لِمَنْ لَمْ يَذْكُرْ اسْمَ اللَّهِ عَلَيْهِ

إسناده حسن

## বাংলা

৭১৪. আবু সাঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি ওযুর শুরুতে ’বিসমিল্লাহ’ বলে না, তার ওযু হয় না।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান। কিন্তু শাহিদ হাদীস থাকার কারণে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাওসিলী নং ১০৬০, ১২২১; এর শাহিদ হাদীস আবু হুরাইরা হতে যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাওসিলী নং ৬৪০৯; আব্দুল্লাহ্ ইবনু যাইদ হতে যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাওসিলী নং ১/৩২৪। এছাড়া এটি বর্ণনা করেছেন, দারু কুতনী ১/৭১; ইবনু আবী শাইবা ১/২; ((আহমাদ ৩/৪১ নং ১১৩৮৮; ইবনু মাজাহ ৩৯৭; তাবারানী, আদ দু’আ ২/৯৭২ নং ৩৮০; তিরমিযী, আল ইলাল ১/১১২; আবু ইয়ালা ২/৪২৪ নং ১২২১; আব্দ ইবনু হুমাইদ, আল মুন্তাখাব /২৮৫ নং ৯১০।- ফাতহুল মান্নান হা/৭৩৬ এর টীকা- অনুবাদক।))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76090

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন